5	Aswastha	Asvattha	<i>Ficus religiosa</i>	Moraceae	Shalya Parva	Saraswati river	Tree	Dry or moist deciduous forests
6	Kul	Badari	<i>Ziziphus mauritiana</i>		Drona Parva	Kurukshetra war	Tree	Dry deciduous forests
7	Chalta	Bhavya	<i>Dillenia indica</i>		Anusasana Parva			Dry & moist deciduous forests
8	Bel	Bilva	<i>Aegle marmelos</i>	Rutaceae	Vana , Shalya Parva	Kurukshetra	Tree	Dry deciduous forests
9	Champ	Champa	<i>Michelia champaca</i>	Magnolia-ceae	Drona Parva	Kurukshetra war	Tree	Moist deciduous forests
10	Dhaw	Dhava	<i>Anogeissus latifolia</i>		Anusasana Parva		Tree	Tropical Dry deciduous forests
11	Bat	Nyagrodha	<i>Ficus bengalensis</i>	Moraceae	Drona Parva	Kurukshetra war	Tree	Tropical forests
12	Palas	Kinshuka	<i>Butea monosperma</i>		Shalya Parva	Saraswati river	Tree	—do—
13	Kanchan	Kovodara	<i>Bauhinia variegata</i>		Drona Parva	Kurukshetra war	Tree	Dry & moist deciduous forests
14	Bandarlathi	Karnikara	<i>Cassia fistula</i>		Anusasana Parva		Tree	Dry & moist deciduous forests
15	Khair	Khadira	<i>Acacia catechu</i>		Vana Parva	Kurukshetra	Tree	Dry deciduous forests
16	Keya	Ketaka	<i>Pandanus tectorius</i>		Anusasana Parva		Tree	Moist deciduous forests
17	Kathal	Panasa	<i>Artocarpus heterophyllus</i>	Moraceae	Shalya Parva	Saraswati river	Tree	Dry & moist forests
18	Seuli	Parijata	<i>Nyctanthus arbortristis</i>		Shalya Parva	Saraswati river	Tree	Dry & moist forests
19	Aam	Sahakaras	<i>Mangifera indica</i>	Anacard-iaceae	Anusasana Parva		Tree	Dry & moist deciduous forests
20		Shami	<i>Prosopis cineria</i>		Sabha Parva	Kamboja country		Dry & arid forests
21	Siris	Shirisha	<i>Albizia lebbeck</i>	Caesalpin-eaceae	Vana Parva	Kurukshetra	Tree	Dry & moist forests
22	Bans	Vamsa	<i>Dendrocalamus sp</i>		Virata Parva	Kurukshetra war	Grass	Dry & moist forest

23	Bans	Venu	<i>Bambusa arundinacea</i>		Sabha Parva	Meru Mountain	Grass	Dry & moist forest
24	Bet	Vetas	<i>Calamus rotang</i>		Vana Parva	Saraswati river	Climber	Moist forests
25	Bahera	Vibhitaka	<i>Terminalia bellerica</i>		Shalya Parva	Saraswati river	Tree	Dry & moist forests
26	Sultan champa	Varanapuspa	<i>Calophyllum inophyllum</i>		Anusasana Parva		Tree	Coastal forests
27		Uddalakas	<i>Cordia myxa</i>		Anusasana Parva		Tree	Deciduous forests
28		Kashmarya	<i>Berberis vulgaris</i>		Shalya Parva	Saraswati river	Tree	Dry & moist forests
29		Inguda	<i>Balanitis roxburghii</i>		Drona Parva	Saraswati river	Tree	Dry forests



## Finding beauty in anything created

**Manoj Ghosh Mallick \***

Of all the planets, it is indeed earth the finest  
Where all forms of life co-exist in peace.  
Plants and animals including man above all –  
How a systematic web they frame within.  
Hills and mountains, rivers and seas, woods and forests  
- all skillfully painted by Nature,  
- sunrays, moonbeams, clouds, rain, soil, air created with Her magic touch.  
Chirping of birds at dawn awakens nature from sleep.  
And dusk reminds them to return to their nests.  
Blooming brings freshness, young shoots the spring,  
Sunny morning and bright days, greenery clean surrounding.  
Sunrise from hill-top or sunset at sea-beach –  
So soothing to the eyes.  
Animals in the wild, observed in silence  
Like a baby sleeping on mother's lap.  
Behold the tired passer-by taking rest under a tree.  
Cool and comfortable under shade  
How beautiful the cold blooded birds to look are!  
How great joy of life in their tiny vibrated hearts is!  
The creator creates, the intellectuals preserve, the rest destroy.  
Whatever their ignorance, imprudence or selfishness may be,  
To retreat them successfully is meant for victory of truth,  
I wonder at their aversion to find beauty in anything created.  
“Beauty is truth – truth beauty”. – Keats  
“A thing of beauty is a joy for ever”. – Keats.

\* U.D.C. B.T.R. (East)



## অনুবাদ করে যাবো

দিলীপ চন্দ \*

এই যে গাছ আর গাছকে জীবনের ভেতর ডেকে আনা  
তোমার — আমি অনুবাদ করে যাবো ।  
এই যে গাছদের শেকড় থেকে পাতা অন্দি যে কাহিনী  
সে কথা বলে যাওয়া তোমার —  
আমি অনুবাদ করে যাবো ।  
কিভাবে ভিনদেশীয় গাছ এদেশে এসেছে,  
যেমন লাঠির ডগার ভেতর রেশম এসেছিল এদেশে  
এ কথা জানানো তোমার —  
আমি অনুবাদ করে যাবো ।  
পিয়র্সন সাহেবের বিদেশী ফুলের চারা  
বিশ্বকবি নাম দিয়েছিলেন মাধবীলতা,  
নানা দেশের নানা গাছের অকথিত কাহিনী  
জানানো তোমার —  
আমি অনুবাদ করে যাবো ।  
‘ঝরাপাতা’ কিন্না ‘সোনারুরি’ রবীন্দ্র ব্যবহারে  
কিভাবে মণিমাণিক্য হয়ে উঠে  
সে কথা জানানো তোমার —  
আমি অনুবাদ করে যাবো ।  
অমি অনুবাদ করে যাবো ছন্দা  
তোমার পত্র ও পুষ্পের সঠিক ব্যবহার ॥

## আর নয় অরণ্যের অস্থি

আর নয় অরণ্যের অস্থি দেখানো,  
এই বার রহস্য ঘনীভূত হোক,  
পাতায় পাতায় কুহক জাগুক  
বাতাসে জাগুক কুহক  
জাগুক কুহক মল্লয়া শাখায়  
আর যেখানে বাতাস এসে লুটোপুটি খায়  
সেই পলাশের তলায় !  
যেখানে পিয়াল বলে – আমার জন্য  
সাদা শাড়ী কেন?  
পিয়াল শান্ত হও!  
পরিচর্যায় ছন্দা তোমায় সবুজ করবে  
বাতাসে ভাসবে অরণ্যের সুবাস ।  
আর নয় অরণ্যের অস্থি  
আর নয় ভারী দীর্ঘশ্বাস  
এ বার রহস্য ঘনীভূত হোক  
জেগে উঠুক মল্লয়া পলাশ অশোক মঞ্জুরী ॥

## ঈশ্বর-ঈশ্বরী

একটা ছোট্ট কপালে সবুজ টিপ  
যে সবুজের ভেতর এক ঘন সবুজ বন-  
ছন্দার কপালে সবুজ টিপ  
আর সেই টিপে পত্র পুষ্পপল্লবে  
সেজেছে মল্লয়া পলাশ ।  
ডালে পতায় পাখির গানে  
শুধু একটাই কথা  
ঐ বৃক্ষসারি ঈশ্বর আমার  
আর ছন্দা যেন ঈশ্বর এক তাই ।

# তমসুক

হারাধন মজুমদার \*

সেদিন

শিয়াল ডাকা জঙ্গল, কোমর ডোবা নদী,  
আর হোগলার জলায় হামাগুড়ি দিয়ে  
চাবুক খাওয়া রেসের ঘোড়ার মতন ছুটেছিল—  
সেদিন সদ্য যৌবনের স্বাদ পাওয়া রমেশ।  
হায়নার তাড়া খেয়ে ওলট পালট হাওয়ায়  
যৌবনের কোমরে নেংটি জড়িয়ে, উদাস রাতের  
শেষে ছেঁড়া ফাটা অগোছালো সংসার মাথায়  
বয়ে নিয়ে আসে রমেশ আর সাবিত্রী কোনমতে,  
শ্বাপদের রক্ত চক্ষু এড়িয়ে, কাকডাকা ভোরে —  
রাজ পথের ধারে নীল ছাদের তলায়।  
পিছে পড়ে থাকে মা-ভূমির ছেঁড়া তমসুক।

আজ

শেষ পৌষের হিমের বাতাস বওয়া বিকেলে,  
পান খাওয়া রাঙা চৌঁট আর কাজল চোখে,  
রমেশের বউ সাবিত্রী পড়ন্ত যৌবন নিয়ে  
একা ঘোরে রাজপথে — বাবুদের খুশি করতে।  
কোমরে হাঁসুয়া আর মাটির হাঁড়ি ঝুলিয়ে  
বিড়িতে সুখটান দিয়ে গুনগুন গলায়  
রমেশ উঠে পড়ে তাল-খেজুর রসের খোঁজে।  
গ্রামের রাস্তায় নিশ্চিন্তে সারাদিন ঘুরে বেড়ায়  
বাঁদর বাচ্চার মত ন্যাংটো কালো রঙের  
রমেশ আর সাবিত্রীর উদ্দাম যৌবনের  
শ্রোতে ভেসে আসা এক গভা জ্যন্ত মুখ।

আগামীকাল

এলোমেলো করে ওড়া বাঁশের খুটিতে নিশানের  
সারি এসে পড়ে মাঝে মাঝে হোগলায় ছাওয়া  
আর হেলে পড়া ভাঙ্গা ঘরের সামনে।  
পরিকল্পনার শ্রোতে ভেসে আসে রঙীন দিন,  
আর মিলিয়ে যায় অমাবস্যার ভরা কোটালে।  
রমেশের বৌটা খড়কুটোর আগুনের আঁচে  
বর্ণ-গন্ধ আর বিশ্বাদের অরুচিতে ডাষ্টবিনে  
কাতরায় কোঁচকানো চামড়া আর ছানি পড়া  
দু-চোখের আবছা আলোর চাউনিতে।  
কালবোশেখীর আকাশের মত জীবনের পর্দাতে  
ভেসে আসে দীর্ঘ চলচিত্রের চলমান কাহিনী।  
চিত্রনাট্যের ঠাস বুনোটে আজও যাদের  
মহোৎসব চলে তিন টুকরো ইঁটের উপর  
কালো হাঁড়িতে এক পোয়া চাল আর  
খামচে নেওয়া পোড়া বেগুনের আলুদী লঙ্কার  
সাথে চামড়া খসা পেঁয়াজের আয়োজনে।  
চুঁইয়ে পড়া জমানো ক্ষিদের নাচন চলে  
আর্ট গ্যালারির পলেস্তারা খসা দেয়ালে।  
রমেশ আর সাবিত্রীর ফুরিয়ে যাওয়া যৌবন  
ভাসে সেদিনের উদ্ধত রাজাপুত্রদের মুখে।

## সুভেনির

ফেরার সময়ে  
বিমানবন্দরের এক্স রে  
খুঁজে নিল-ঝিনুক, কোরাল  
বারণ থাকা সত্ত্বেও  
সংগ্রহ করেছিল যারা  
রেখে যেতে হল

তবে যারা নিয়েছিল  
নীলচে সবুজ জলের রঙ  
মাদ ভক্ষ্যানোর উষ্ণতা  
বাঁদাবন বৃষ্টিবনের সজীবতা  
জারোয়াদের চোখের সারল্যে  
এক বুক বনজ ঘ্রান...  
ধরা পড়েনি.....

## অমলতাস

ঘুঙুর ঘুঙুর হলুদ স্বপ্ন অফুরন্ত  
দুলছে মৃদুমন্দ বাতাসে  
সরেলা মন্তাজ  
দ্রিমিক দ্রিমিক

সেঙ্গপিয়ার কে  
ভুল প্রমানিত করে অমলতাস  
নাম বদল হলেই  
হারায় কাব্য

## ভ্রমন

### সুমনা ভট্টাচার্য \*

নাম টা শুনেছি কোথাও  
যাওয়া হয়নি .....  
হঠাৎ একদিন দেখি  
বাঁশবনের পাশে  
ছোট্ট শ্যামল গাঁ  
নীলচে আকাশ টলমটল  
কাজল দীঘির জলে...

শান্ত নিস্তরঙ্গ জীবন  
ধানের গোলার সুঘ্রাণ  
রিনরিন শব্দ তুলে  
গোধূলিতে গবাদিরা ফেরে  
তারপর রজনীগন্ধার খেত জুড়ে জ্যোৎস্না  
জমিন আসমান একাকার...

হঠাৎ ট্রেনের আওয়াজ  
ছুটে যাই আল ধরে  
লোকাল পেলাম শেষে  
তাকিয়ে দেখি প্ল্যাটফর্ম  
স্টেশনের নাম ছোট্টনীলপুর  
ভেঙে যায় ঘুম.....

## মুখোশ

বসার ঘরের কোনায় পাতাবাহার  
দেখে সারাদিন মানুষের আদবকায়দা টিভি  
পাখার হাওয়া, নিওন আলোয় অভ্যস্ত  
মাঝে দু-একদিন জল না দিলেও  
লুকিয়ে রাখে মনের ভাব...

একই টবে মাথা তুলে দাঁড়ানো ছোট্ট আমরুল  
সহজেই করে মনখারাপ ব্যক্ত  
ছেলেমানুষ-এখনো শেখেনি মুখোশ পরতে....



## বন্দী

শ্রী সঞ্জয় কর \*

বন্দী আমি বনের টিয়ে  
বন্দী খোকার ঘরে,  
বলছি আমি তোমায় খোকা  
বলছি তোমার তরে ॥

খাঁচার ভিতর আটকে রেখে  
বন্ধ করেছ দরজাটি  
তোমারও যদি এমন হত  
বুঝতে তখন কষ্টকি ॥

বাম দিকেতে স্বপ্ন খাবার  
ডান দিকেতে জল,  
ওতে আমার কি হয়?  
আমার যে চাই ফল ॥

বনে যখন ছিলাম আমি  
উড়তে পেতাম কত,  
এখন আমি বন্দী খাঁচায়  
এক স্থানেই রত ॥

নাইতে পেতাম নদীর জলে  
উড়তে পেতাম শূন্যে,  
এখন আমি বন্দী খাঁচায়  
চোরা শিকারীর জন্যে ॥

কেলের কাছে বাচ্চা নিয়ে  
ঘুমিয়ে ছিলাম রাতে,  
শিকারীর জাল ধরল আমায়  
বন্দী এখন খাঁচাতে ॥

ঘরের কাছে দাওয়ার পাশে  
আমার এখন বাস,  
দূরের আকাশ দেখলে পরে  
মন করে হাঁশ্-ফাঁস্ ॥

শুনছি নাকি নতুন আইনে  
আগের মত থাকব আবার বনে,  
মুক্ত হয়ে উড়ব আবার  
খোলা আকাশ পানে ॥

ভাবছি বসে এখন শুধু  
আসবে কবে সেদিন?  
বন্দী থেকে মুক্ত হব  
থাকব না পরাধীন ॥

## অস্তিত্বের সঙ্কট

কৃষ্ণ চন্দ্র ভাস্কর \*

দূষণ-বিষে জর্জরিত বিশ্ব-পরিবেশ,  
মুক্ত বাতাস হারিয়ে গিয়ে তিলে তিলে নিঃশেষ।  
তোমরাই নাকি শ্রেষ্ঠ জীব এই পৃথিবীর বুকে!  
দূরদৃষ্টি কোথায় তোমার? বড়াই শুধুই মুখে।  
নাই বা ভালবাসলে আমায়, নাই বা দরদী হলে;  
আপন হিতাহিতও কি বুঝবেনা তাই বলে?  
এখনও না যদি বোঝ, দূষণের ছোবলে  
বিষক্রিয়ায় ধীরে ধীরে চলবে মৃত্যুকোলে।  
আমাকে হারিয়ে নিছক জয়ের তুলে জয়ধ্বজা  
বিশ্বজুড়ে ভাবছ সবাই-কী ভীষণ মজা!  
এখনও সময় আছে, কর নিজেসঙ্গে সংশোধন।  
ভাল করেই জান তো তুমি, জানে সর্বজন -  
আমার সৃজন পালনে তোমার জীবন-দান,  
ধ্বংসে আমার নিহিত আছে তোমার মৃত্যুবাণ।

\* উচ্চবর্গীয় করণিক, প্রধান মুখ্যপালের (HOFF) করণ

## বড়ই দুঃসময়

পুতুল রায় \*

ব্রহ্মাণ্ডের নীলগ্রহটির  
বড়ই দুঃসময়  
অনাবৃষ্টি জলোচ্ছ্বাসে  
শুধুই বিপর্যয়!  
শৈলশিখরে তুষারমুকুট  
গলছে হিমবাহ;  
প্লাবিত সব জনপদে  
ভীষণ তাপপ্রবাহ!  
অরণ্যানী ধ্বংস করে  
চলছে নগরায়ন  
বিষগ্যাসে ঢাকছে আকাশ  
বিশ্বে উষ্ময়ন।  
সবুজ নিধন বন্ধ কর  
ফমিল-ফুয়েল নয়!  
ধরিত্রীকে রক্ষা করার  
শেষ হয়নি সময়।।

\* করণিক, অরণ্যভবন

## হে অরণ্য

পূর্ণ প্রভা বর্মন \*

সবুজের মাঝে বনস্পতি  
বনমধ্যে আছে বেশ,  
শিশির ভেজা পাতাগুলিতে  
শন শন বন বন আওয়াজ।  
গাড়ী চলছে হুঁ হুঁ করে  
স্টেট হাইওয়ে দিয়ে,  
তার পাশেতে শঙ্খ ঘন্টা-  
কে বাজায় রে।  
শাল, শেগুন, শিমুল, বহেরা,  
অর্জুন, আমলকি, হরিতকি, মথুরা,  
কোথায় চলেছি আমরা  
পাগলের পাগল পাড়ায়?  
চারিদিক দেখি ওদিক এদিক,  
মন না ভরে,রে,  
যতবার দেখি এ অরণ্য -  
সবুজে সবুজে গিয়েছি মিশে।  
এ অরণ্য মধুপ্রসবা, মৌবন নামে খ্যাত,  
সিট্রোনীলা, বনলতা, আরও আছে কত।  
ত্রিফলাচূর্ণ, ত্রিকাঠ চূর্ণ আরও নিমতেল,  
অর্জুন, চা, সাবান, শ্যাম্পু  
দিচ্ছে নতুন স্বাদ ও গন্ধ  
এ আমাদের উত্তরবঙ্গ।  
হাতি সুমারী, গণ্ডার সুমারী,  
বাইসন, কুমির, ব্যাঘ্র,  
আছে ভরা আমাদের এ অরণ্য।  
গভীর দুঃখী বস্তিবাসী,  
বন্যপ্রাণ, বন্য সংরক্ষণ,  
বন প্রান্তের মানুষজন  
চাই তাদের উন্নয়ন,  
চাই তাদের বাসস্থান,

এত কথা কে ভাবে?   
সে আমাদের দিদি যে।  
গুরু গুরু ধ্বনি পৃথিবী প্লাবিত,  
গুম্ গুম্ আওয়াজ বন প্রান্তর,  
শালবন মুখরীত বৃষ্টির ধারা,  
গজ হস্তি শুড় তুলিয়ে,  
আহ্লাদে আটখানা।  
পেখম তুলে ময়ূর নাচে,  
বাইসন চলে দলবেঁধে  
থাকবো তোমাদের সাথে।  
কুয়াশাচ্ছন্ন আকাশ ঘন অন্ধকার,  
কোথা থেকে এল, -  
একঝাঁক রূপালী পাখীর দল,  
ঠাণ্ডায় কেঁপে উঠেছে তাদের পাখনা,  
অদ্ভুত আলোর স্পন্দন।  
গভীর অরণ্য কার সাথে কথা বলে?  
বেদনাহত রাতেও প্রাণসূর্য্যের উদ্ভাপ,  
পাতাগুলিতে কেঁপে উঠে দুঃসাহসী  
সবুজের তরঙ্গ।  
পার হয়ে যায় চৈত্রের উদ্ভাপ -  
পুরানো পাতা ঝড়ে পরে,  
নতুন কচিপাতার হয় আবির্ভাব।  
কোকিলের কুহু কুহু রব  
মনকে মাতিয়ে যে দেয়,  
ডাউকের গুরু গম্ভীর ধ্বনি,  
চারদিক করে স্তব্ধ।  
নামজানা, না জানা, পাখীর কলতান  
যৌবনের দিনগুলি ভেসে আসে মনে  
হে অরণ্য! হে বনদেবী  
তোমাকে জানাই শত শত প্রণাম ॥

## বর্ষা-বন

বিমল দেবনাথ \*

গাছেরা এখন ভিজছে কেবল  
গায়ে নিয়ে অনেক মস,  
পাতা ভরা শাখা সকল  
সবুজ-পূর্ণ জীবন রস।

সবুজ ঘন বর্ষা বনে  
অর্কিডের অনাবিল আনন্দ উল্লাস,  
বন্যরা সব বন-গানে  
নদী বড় উচ্ছল উন্মাদ।

সূর্য গেছে মেঘের বাড়ি  
গাছের ছায়া নাই গাছে,  
সবুজ ঘন বন পথে  
বুনো মাদা-মাদী নাচে।

বনের বর্ষা মনের বর্ষা  
সব একই রকম হয়,  
প্রেম সিন্ধু মন-বন-  
জীবন সৃষ্টির কথা কয়।

\* সহ-বিভাগীয় বনাধিকারিক, (মালদা)

## বুড়ির ডাবরি

সঞ্জীত চ্যাটার্জী \*

অপরূপ সাজে সাজিয়াছ তুমি নীল মেঘ মালা আবরি  
শ্যামল বৃক্ষ্য আবৃত জননী তুমি যে বুড়ির ডাবরি।  
সবুজ পাতার আড়ে আড়ে তোমার নদীর ঢেউ  
মোরা দেখি আপন মনে আর দেখেনা কেউ,  
পূর্ব দিকেতে রায়মঙ্গল ধোয়ায় তব চরণ  
অপর দিকে ঝিলা মা গো করে তোমার বরণ।  
বৃক্ষ্য শাখে পাখীরা বসি করে কত কলতান,  
প্রকৃতির হি দৃশ্য হেরি জুড়ায় মোদের প্রাণ  
অরণ্য মোদের প্রাণ বায়ু মা গো রক্ষা করিব মোরা  
সবুজে সবুজে ভরিয়া উঠুক মোদের শ্যামল ধরা  
বন বিভাগের কর্মী তাই করিতেছে আহ্বান  
দিকে দিকে তারা তুলিতেছে ধরণী একটি গাছ একটি প্রাণ  
বন সুরক্ষা কমিটি জাগিছে সবুজায়নের আলোকে  
সবুজের গান গাও আজি প্রাণ সবুজমনের পুলকে  
চির কালের অমর হইয়া স্থায়ী হোক ৩০ মাধুরী  
মোদের অরণ্য মাতা –

তুমি যে বুড়ির ডাবরি



# বাংলা কবিতা গানে অরণ্য

নীলাঞ্জন কুমার

‘আজ জ্যোৎস্না রাতে সবাই গেছে বনে  
বসন্তেরই মাতাল সমীরণে’

‘অরণ্য’ কথাটি ভাবতে গেলে আমাদের সামনে উঠে আসে সেই ছবি যার ভেতর পাই অনাবিল এক সৌন্দর্য, যাকে অনবদ্য না বলে উপায় থাকে না। সেখানে যেমন মনমুগ্ধকর দিক আছে আবার তাতে ভয়ঙ্কর সুন্দরের স্পর্শও পেয়ে যাই। আসলে বাংলা কবিতা ও গানের মানুষেরা অরণ্যের সেই সৌন্দর্য মেখে নিয়ে গড়ে তোলেন তাঁদের চিরন্তন পংক্তিগুলি যা মানুষকে যুগ যুগ ধরে আন্দোলিত করে।

যখন থেকে বাংলা ভাষায় কবিতা লেখা শুরু, সে সময় থেকে শুরু হয়েছে অরণ্যকেন্দ্রিক অনুসঙ্গ গড়ে তোলার প্রয়াস। বৈদিক যুগের থেকে রামায়ণ মহাভারত সহ যে সব সাহিত্য রচনা হয়েছে তাতে অরণ্য বিষয়টি এক মুখ্য চরিত্র হিসেবে সামনে আসে। রামায়ণে রামের বনবাসের বৈচিত্র্য, মহাভারতে পাণ্ডবদের অজ্ঞাতবাস আমাদের অজানা নয়। এর প্রভাব বিভিন্ন ভাবে প্রায় হাজার বছরের বাংলা সাহিত্যের মধ্যে পড়েছে ও সে ধারা আজও বহমান। সে কারণে কবিগুরু যেন গানে অরণ্যের কথা অত্যন্ত গভীরভাবে যে পংক্তির মাধ্যমে সামনে আসে তাকে উল্লেখ না করলেই নয় :

‘ঘাসে ঘাসে পা ফেলেছি বনের পথে যেতে  
ফুলের গন্ধে চমক লেগে উঠেছে মন মেতে।’

অরণ্য নিয়ে বিশিষ্ট বাংলা সাহিত্য সৃষ্টিগুলির দিকে নজর করলে প্রধানতঃ আউল বাউল ও সুফী মুর্শিদা গান অথবা স্বভাব কবিদের কবিতাগুলির বাইরে আমার বিশেষভাবে প্রকৃতির কাছে নিজেকে মিশিয়ে দেওয়ার এক আন্তরিক প্রয়াস লক্ষ্য করি কবিগুরু রবীন্দ্রনাথের ক্ষেত্রে। তাঁর বহু কবিতা গানে ফুটে ওঠে বনাঞ্চলের সৌন্দর্য। ‘বাণিকী প্রতিভা’ গীতিনাট্য সম্পূর্ণ অরণ্যকেন্দ্রিক। সেখানে যেমন ‘বাণিকী’র মতো একজন প্রাঙ্গ মানুষকে পাই তেমন বনদেবী, দস্যু, ব্যাধ, সরস্বতী ও লক্ষ্মীদেবীর আবির্ভাব সব মিলিয়ে আখ্যানটিকে আজও জীবন্ত করে রেখেছে। রবীন্দ্র কবিতা ‘নীলাঞ্জনছায়া’-র সম্পূর্ণ কবিতাটি যদি আমরা দেখি তবে তার প্রমাণ পাওয়া যায়।

‘নীলাঞ্জন ছায়া  
প্রফুল্ল কদম্ববন  
জম্বুপুঞ্জ শ্যামবসন্ত  
বনবীথিকা ঘন সুগন্ধ।  
মহুর সব নীলনীরদ  
পরিকীর্ণ দিগন্ত।  
চিত্তমোর পত্নী হারা  
কান্তা বিরহ কান্তারে।’

কবিগুরুর জীবৎকালে আমরা গেয়ে যাই কবিতা ও গানে কাজী নজরুল ইসলাম, নিশিকান্ত রায় চৌধুরী, সত্যেন্দ্রনাথ দত্ত, প্রেমেন্দ্র মিত্রের মতো কবিকে। যারা অরণ্যকেন্দ্রিক গান ও কবিতায় পাঠক ও শ্রোতাকে মাতিয়েছেন। কাজী নজরুলের সুন্দর ও প্রাণোচ্ছল ভাষায় ও অসাধারণ সুরে বনাঞ্চলের মেলার বর্ণনা তাঁর বিখ্যাত গান ‘বাঁধবো না বাঁধবো না চুল’-এ আমাদের প্রকৃতির সঙ্গে মিশে যেতে দেয় না :

‘চিত্রকূট পাহাড়ের শালবনের ধারে  
বোসবে মেলা আজি বিকেলবেলায়  
দলে দলে পথ চলে সকাল হতে  
সাঁওতাল সাঁওতালী নুপুর বেঁধে পায়  
যেতে যে ওই পথে  
বাঁশি শুনে শুনে পরান বাউল  
নইলে বাঁধবো না বাঁধবো না চুল।’

পাশাপাশি সত্যেন্দ্রনাথ দত্তের ছন্দের জাদুতে আমরা ভুলে যাই শহুরে কোলাহলের মধ্যে রয়েছে :

‘লক্ লক্ শরবন  
বক তার মগ্ন,  
চুপচাপ চারদিক  
সন্ধ্যার লগ্ন।’

কিংবা প্রেমেন্দ্র মিত্র-র কবিতায় প্রেমের অনুসঙ্গে অরণ্য এসে যায় :

‘ঝড় যেমন করে ডাকে অরণ্যকে  
তেমনি করে তোমায় আমি জানি,  
দূরন্ত নদীর ধারা যেমন করে দেখে  
আকাশের তারা  
—সেই আমার দেখা।’

কবি নিশিকান্ত রায় চৌধুরী তাঁর অনবদ্য ‘টুকরি’ কবিতায় অরণ্যকে মিশিয়ে এক সুন্দর বাতাবরণ সৃষ্টি করেছেন :

‘কতই রঙে আমার চরণ দিয়ে  
ফুটেছে ওই বনপথের  
বন—লতার ফুল।

রবীন্দ্রযুগ পেরিয়ে আমরা দেখি কবিদের অরণ্যপ্রেম বিন্দুমাত্র নষ্ট হয়নি। কবিতা গানে তাঁরা গড়ে তোলেন নতুন যুগের নতুন কথা আজকের মানুষের জন্য। চিরাচরিত যে সৌন্দর্য বনাঞ্চলে পাওয়া যায় তাকে নতুন দৃষ্টিতে যদি দেখা যায় তবে নবীন প্রাণে আলাদা স্বাদ নিয়ে আসে। সে কারণে কবি গীতিকার সলিল চৌধুরীর গানে খুঁজে পাই সেই স্বাদ :

‘লাল লাল পলাশের বনের ডাক শুনে কি  
দিন দিন রজনী ছিলে কাল গুণে কি?’

গীতিকবি পুলক বন্দ্যোপাধ্যায়ের গানে প্রেমের সঙ্গে অরণ্যের মেলবন্ধন গানকে চিরন্তন করে দেয় :

‘জঙ্গলে ঝড় এলো এলো মাঝরাতে  
রূপসীর এলোচুলে  
লাল পলাশের দুলে  
উল্কি আঁকা দুটি হাতে  
ঝড় এলো।’

শচীন দেব বর্মনের গাওয়া ও সুর দেওয়া যে গান অরণ্যের সামনে নিয়ে গিয়ে দাঁড়ায়, সেই গান রবি গুহ ঠাকুরতার কথায় :

‘বনে বনে পাখি ডেকে যায়  
আবোল তাবোল  
থেকে থেকে হাওয়া ডেকে যায়  
দিয়ে যায় দোল  
তুমি কি আমার বন্ধু  
একবার ডাকো নি।’

অরণ্যের নিসর্গতার সঙ্গে তাল মিলিয়ে সুধীন দাশগুপ্তের লেখা ও সুরের গান :

‘অরণ্যের গান শুনেছো কি  
পাহাড়ের তান শিখেছো কি  
ঝিরিঝিরি ওই ঝরনার সুর  
বয়ে যাবে আরো অনেক দূর।’  
কিংবা

‘বন্য বন্য এ অরণ্য ভালো  
অন্ধকারে সূর্য সোনার আলো  
অন্ধমনে জনারণ্যে বন্দি হয় থেকে  
কি হবে কি পাবে নিজেকে হারাবে।’

কবিতার ভেতর দিয়ে আজকের মন নিয়ে বন উঠে আসে কবি জয় গোস্বামীর কবিতায় :

যে যায় ঘরের জনে, আমার নিভন্ত নীল বৃহস্পতিবারের  
‘গা ভেজা গায়ের গন্ধ, তাতে কী রঙের বাস্ক ভরা  
অমন পেন্টিং বক্স একবার খুললে ভুলবে না।’

এসব সত্বেও বারবার উঁকি দেয় খুব ছোটবেলায় পড়া অশোক তরু রাহার কবিতা, যার ভেতর দিয়ে আমরা শুধু বৃক্ষ নয় অরণ্য নয় সব মিলেমিশে এক জীবন্ত হয়ে ওঠার দিক দেখতে পাই। যাকে কখনো ভোলা যায় না :

‘আবার হঠাৎ কখন  
বনের মাথায় ঝিলিক মেরে মেঘ উঠতো যখন  
ভালুক হয় ঘাড় ফুলিয়ে করতো সে গরগর  
বৃষ্টি হলেই আসতো আবার কম্প দিয়ে জ্বর।’

পরিশেষে আবার রবীন্দ্রনাথের ফিরে আসতে হল, তাঁর লেখার গুণে যে অনবদ্য রূপ ফুটে ওঠে তামাম বনাঞ্চলের :

‘মন মোর খায় তারি মত্ত প্রবাহে  
তাল তমাল অরণ্যে  
ক্ষুর শাখায় আন্দোলনে।’

# পশ্চিমবঙ্গে শকুন সংরক্ষণ প্রকল্প

শচীন রানাড়ে \* সৌম্যসুন্দর চক্রবর্তী \*\*

রাজ্যের একমাত্র শকুন সংরক্ষণ প্রজনন কেন্দ্রটি (Vulture Conservation Breeding Centre) জলপাইগুড়ি জেলার বক্সা ব্যঙ্গ প্রকল্পের অন্তর্গত রাজাভাতখাওয়াতে অবস্থিত। এটি কোন আশ্চর্যের বিষয় নয় যে আপনারা অনেকেই হয়ত রাজাভাতখাওয়া শকুন সংরক্ষণ প্রজনন কেন্দ্র সম্পর্কে অবহিত নন। আমরা একটি বৈজ্ঞানিক সংস্থা যারা পশ্চিমবঙ্গ বনদপ্তরের সাথে যৌথভাবে এই প্রজাতিটিকে রক্ষা করার জন্য নিঃশব্দে কাজ করে চলেছি।

মানব সভ্যতায় শকুনকে কখনই ভাল চোখে দেখা হয়নি, তা সে তথাকথিত প্রগতিশীল পশ্চিমী সভ্যতাই হোক বা সনাতন ভারতীয় সভ্যতা, অবশ্যই কিছু ব্যতিক্রম বাদে। নানা ধরনের অন্ধ বিশ্বাসকে পিছনে ফেলে আজ ভারতীয় সভ্যতা ও সংস্কৃতি ক্রমশ এগিয়ে চলছে পরিপূর্ণতার দিকে।

একদা আমাদের জীবনে বন্যপ্রাণ ছিল একটি অবহেলিত বিষয়। কিন্তু বর্তমান শিক্ষাব্যবস্থার কল্যাণে আমরা সকলেই কম বেশী জানি বন ও বন্যপ্রাণ না থাকলে আমরা কি কি সমস্যার মুখোমুখি হতে পারি। প্রকৃতির সকল উপাদানের মত শকুনও আমাদের পরিবেশের একটি গুরুত্বপূর্ণ অংশ।

প্রাকৃতিক পরিবেশের ভারসাম্য রক্ষার উদ্দেশ্যেই আমাদের এই শকুন বাঁচানোর প্রচেষ্টা। কিন্তু কিন্তু ভালো উদ্দেশ্য সবসময়ই উপেক্ষিত হয়। মানব জাতির স্বাস্থ্য রক্ষার জন্যও শকুন বাঁচানো একান্ত প্রয়োজন—কিন্তু কেন ও কিভাবে?

শকুন হ'ল প্রকৃতির সবচেয়ে গুরুত্বপূর্ণ শবাহারী বা ঝাড়ুদার পাখি (Scavenger)। প্রাকৃতিক পরিবেশকে সুস্থ এবং নির্মল রাখার ক্ষেত্রে, এরা বাস্তবতায় একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। কিন্তু পরিবেশে যদি শকুন না থাকে তবে স্বাভাবিক কারনেই তার জায়গা অন্য শবাহারীরা দখল করে। এক্ষেত্রে সেই গুরুত্বপূর্ণ স্থানটি বর্তমানে কুকুরদের দখলে। কিন্তু কুকুরদের জৈবিক গঠন শকুনের মত নয়, একটি শকুন একবারে প্রায় ২ (দুই) কেজি মাংস খেতে পারে এবং তারপর প্রায় ৭ (সাত) দিন কিছু না খেয়েও থাকতে পারে কিন্তু কুকুরের প্রতিদিন কিছু পরিমাণ খাবারের প্রয়োজন হয় এবং তারা পচা গলা মাংসের টুকরো অন্যত্র নিয়ে গিয়ে দূষণ ও ক্ষতিকারক পরজীবী ছড়ায়। কিন্তু শকুন তার শক্তিশালী পরিপাকতন্ত্রের দ্বারা পচা মাংসে থাকা ব্যাক্টেরিয়া খুব সহজেই হজম করে ফেলতে পারে। এই পাখিরা বিভিন্ন রোগ যেমন অ্যানথ্রাক্স, জলাতঙ্ক এবং মুখ ও পায়ের রোগের সংক্রমণ ছড়াতে বাধা দেয়।

কিন্তু শকুনের অনুপস্থিতিতে এই প্রাকৃতিক নিয়ন্ত্রণ ব্যবস্থা ব্যহত হয়। যদি কোন সংক্রামক রোগাক্রান্ত গবাদি পশুর মৃতদেহ কোন খোলা স্থানে দিনের পর দিন পড়ে থাকে তবে তাতে থাকা জীবাণুগুলি সহজেই Spore বা গুটিতে পরিবর্তিত হয় যা মাটি, জল বা বায়ুতে বহুদিন পর্যন্ত জীবিত থাকে। এই সকল অনধিকৃত পশুর মৃতদেহগুলিতে এরপর কাক, চিল ও মাছির আনাগোনা শুরু হয়, যার ফলে সংক্রমণ ছড়ানোর সম্ভাবনা আরো বেড়ে যায়।





এছাড়াও এই সমস্ত মৃত গবাদি পশুর দেহ ভক্ষণের ফলে কুকুরের প্রজনন ক্ষমতা অস্বাভাবিক হারে বৃদ্ধি পাচ্ছে। কুকুরদের নিজস্ব কিছু রোগ আছে যেমন, Leptospirosis Rabbits (জলাতক্ষ) ইত্যাদি। একবার কোন কুকুরের জলাতক্ষ দেখা দিলে তা দাবানলের মতো চারিদিকে ছড়িয়ে পড়ে। ভারত সরকার প্রতি বছর কোটি কোটি টাকা খরচ করে শুধুমাত্র ভর্তুকি বাবদ, যাতে জলাতক্ষের প্রতিষেধক টিকা সকলের কাছে পৌঁছে দেওয়া যায়। এত টাকা শুধুমাত্র প্রতিষেধকের পেছনে খরচ না করে আমরা কি কুকুরের সংখ্যা নিয়ন্ত্রণ ও শকুনকে ফিরিয়ে আনার একটা চেষ্টা করতে পারি না? এই প্রক্রিয়ায় যে অর্থ সংরক্ষিত হবে সেটা মানব সমাজের উন্নয়নে ব্যয় করা যেতে পারে।

এই বিষয়ে কেউ কেউ বলতে পারেন যে, যদি আমরা গবাদি পশুর মৃতদেহ মাটিতে সমাধিস্থ করি তো সমস্যার সমাধান হতে পারে। এ ক্ষেত্রে সাময়িকভাবে সমস্যার সমাধান হয় ঠিকই, কিন্তু গবাদি পশু প্রতিপালনের অর্থকরী উপায় হল জীবদশায় এদের দুধ এবং বর্জ্য পদার্থ ও মৃত অবস্থায় এদের চামড়া ও হাড় ব্যবহার করা। পরিবেশ বান্ধব এই প্রথা বিগত শত শত বছর ধরে চলে আসছে। চামড়া ও জিলেটিন শিল্প পুরোপুরি নির্ভর করে আছে গবাদি পশুর উপর। পরিবর্তিত প্রথা যে শুধু মাত্র শকুনদের প্রাকৃতিক খাদ্য আহরণ থেকে বঞ্চিত করবে তা নয় উক্ত দুটি শিল্পে নিযুক্ত দেশের হাজার হাজার মানুষকেও কর্মহীন করবে। আর এই পদ্ধতিতে আমরা জলদূষণ ও মৃত্তিকা দূষণকেও বাড়িয়ে তুলব।

এত ধরনের সমস্যার মুখোমুখি হওয়ার চেয়ে আমরা কি একবার প্রকৃতিতে শকুনকে ফিরিয়ে আনার চেষ্টা করতে পারি না? আসলে শকুনের বিলুপ্তির পিছনে পরোক্ষভাবে মানুষেরই হাত রয়েছে। সমীক্ষায় দেখা গেছে গত দু'দশকে শকুনের তিনটি প্রজাতি যথা লঙ-বিল্ড (Long-billed) শকুন এবং স্লেন্ডার-বিল্ড (Slender-billed) শকুনের সংখ্যা ৯৭ শতাংশ এবং হোয়াইট-ব্যাকড (White-backed) শকুনের সংখ্যা ৯৯.৯ শতাংশ কমে গিয়েছে। এমন মারাত্মক হারে কমে যাবার অন্যতম প্রধান কারণ ডাইক্লোফেনাক নামক ওষুধের ব্যবহার। এই ওষুধটিকে ভারত সরকার ২০০৬ সালে গবাদি পশুর চিকিৎসার ক্ষেত্রে বন্ধ করে দেয়। এই ওষুধটি গবাদি পশু তথা মানুষের ব্যথানাশক হিসাবে ব্যবহার করা হয়। এই ওষুধটি প্রয়োগের ৭২ ঘন্টার মধ্যে কোন পশুর মৃত্যু হলে তা ঐ পশুর দেহে থেকে যায়, আর কোন শকুন যদি ঐ মৃতদেহকে খাদ্য হিসাবে গ্রহণ করে তবে ঐ শকুনের বৃক্ষে সমস্যা দেখা যায়, আর এটাই তাদের মৃত্যুর কারণ হয়। আমাদের একটি ছোট পদক্ষেপ শকুনকে বিলুপ্তির হাত থেকে বাঁচাতে পারে, প্রয়োজন শুধু ডাইক্লোফেনাক নামক ওষুধের ব্যবহার বন্ধ করা। ডাইক্লোফেনাকের পরিবর্তে সুরক্ষিত বিকল্প ওষুধ বাজারে ইতিমধ্যেই উপলব্ধ রয়েছে। একবার বিলুপ্ত হয়ে গেলে এই শকুনদের বিশ্বের আর কোথাও দেখা যাবে না। আমাদের নতুন প্রজন্মের একটি বিরাট অংশ শকুনদের দেখেনি, আমরা যদি এখনই এই বিশালাকাল পাখিদের বাঁচানোর চেষ্টা না করি তাহলে হয়তো আমাদের আগামী প্রজন্ম এদেরকে শুধুমাত্র বইয়ের পাতাতেই দেখতে পাবে।



এই সমস্ত শকুনদের অবলুপ্তির হাত থেকে বাঁচাতে পশ্চিমবঙ্গ বনদপ্তর ও বন্যে ন্যাচারাল হিস্ট্রি সোসাইটির যৌথ উদ্যোগে ভালচার কনজারভেশন ব্রিডিং সেন্টার গঠিত হয়। এই পুরো প্রকল্পটি বৈজ্ঞানিক ভাবে প্রমাণিত তথ্যের উপর ভিত্তি করে স্থাপিত। বৈজ্ঞানিক ও কর্মচারীদের একটি ছোট দল সপ্তাহে ৭ (সাত) দিন ২৪ ঘন্টা এদের বাঁচানোর জন্য নিঃশব্দে কাজ করে চলেছে। ভারতবর্ষের দ্বিতীয় শকুন সংরক্ষণ ও প্রজনন কেন্দ্রটি ২০০৫ সালে প্রতিষ্ঠিত হয়। এখন পর্যন্ত এই কেন্দ্রে ৮০ টি শকুন রয়েছে, যার মধ্যে হোয়াইট-ব্যাকড শকুন, লঙ-বিল্ড শকুন এবং স্লেভার-বিল্ড শকুন রয়েছে। ইতিমধ্যেই এই কেন্দ্রে শকুনের প্রজনন শুরু হয়েছে এবং এই সাফল্যের ধারা বজায় রাখার জন্য সম্পূর্ণ অন্তরালের প্রয়োজন। এই শকুন সংরক্ষণ ও প্রজনন কেন্দ্রটি তৈরীর মূল উদ্দেশ্য হল শকুনের সুস্থ ও স্বাভাবিক বংশবৃদ্ধি, মনোরঞ্জন এর উদ্দেশ্য নয়। তাছাড়াও আগন্তুকদের সাথে নানা রকম সংক্রামক রোগ-জীবাণুর প্রবেশ ঘটতে পারে যা একেবারেই কাম্য নয়। এই কারণেই এই কেন্দ্রটিতে সাধারণের প্রবেশাধিকার খর্ব করা হয়েছে। অন্যথায় এই কেন্দ্রটি স্থাপনের উদ্দেশ্য পরিবেশ ও মানব জাতির উন্নতি সাধন।





# সুন্দরবনের জীববৈচিত্র্য

ডঃ মৌসুমী পাল \*

এক ভয়ংকর সুন্দর, অনন্য, অদ্বিতীয় অরণ্যের নাম সুন্দরবন। পৃথিবীর বৃহত্তম গাঙ্গেয় বদ্বীপের দক্ষিণে অবস্থিত সুন্দরবন পৃথিবীর বৃহত্তম বাদাবন ও একটি আদর্শ বাস্তুতন্ত্র। সমগ্র সুন্দরবন অঞ্চলটি অসংখ্য নদ-নদী, নালা ও খাঁড়ি দ্বারা মূল ভূখণ্ড থেকে বিচ্ছিন্ন ১০৮টি দ্বীপের সমষ্টি। সুন্দরবন ভারত থেকে বাংলাদেশ পর্যন্ত বিস্তৃত। এর মধ্যে ২৬০০০ বঃ কিমি আয়তনের মধ্যে ২/৩ অংশ বাংলাদেশের অন্তর্গত। সমস্ত সুন্দরবন অঞ্চলে ম্যানগ্রোভের একাকী বিস্তার সবচেয়ে বেশী। ভারতের অংশে সুন্দরবনের এলাকা ৯৯৩০ বঃ কিমি বিস্তারিত; এর মধ্যে বনাঞ্চল ৪২৬৩ বঃ কিমি, যার মধ্যে ২৫৮৫ বঃ কিমি অঞ্চলটাই সুন্দরবনের ব্যাঘ্র প্রকল্পের জন্য সংরক্ষিত। ১৯৭৩ সালের বৈঠক অনুযায়ী সুন্দরবন ব্যাঘ্র সংরক্ষণ কেন্দ্ররূপে এবং ১৯৭৭ সালে বন্যপ্রাণী অভয়ারণ্য রূপে ঘোষিত হয়। ১৯৮৮ সালে ৪ই মে এটি জাতীয় উদ্যান হিসাবে গণ্য করা হয়। ১৯৮৭ তে UNESCO World Heritage Site খেতাব পায়। সমগ্র সুন্দরবন বর্তমানে আন্তর্জাতিক জীববৈচিত্র্য ক্ষেত্র (Global Biosphere Reserve in 2011) হিসাবে চিহ্নিত। এটি একটি গুরুত্বপূর্ণ ‘রামসার সাইট’ ও (Ramsar Site for wetlands - May 21, 1992) বটে।

সুন্দরবন সৌন্দর্য ও জীববৈচিত্র্যে সমৃদ্ধ আশ্চর্য এক সুন্দর ভূমি। কয়েক শতক বছর আগে সুন্দরবনের জীববৈচিত্র্য আরও উজ্জ্বল ছিল। এমন কিছু প্রাণী পাওয়া যেত যা আজ সারা পশ্চিমবঙ্গেও পাওয়া যায় না। যে সব প্রজাতি আগে পাওয়া যেত কিন্তু অধুনা বিলুপ্ত তারা হল :-

- জাতান গণ্ডার – Javan Rhino – (শেষ দেখা যায় ১৮৮৮ সালে)
- চিতা বাঘ – Leopard – (শেষ দেখা যায় ১৯৩৩ সালে)
- বুনো মহিষ – Wild Buffalo – (১৯৯০ সালে বিলুপ্তি ঘটে, আসামের কাজিরাঙায় এদের যথেষ্ট দেখা যায়)
- ভারতীয় বাইসন – Indian Gaur – (শেষ দেখা যায় ১৯০০ সালে)
- বারশিঙা – Swamp Deer – (শেষ দেখা যায় ১৯৩০ সালে, মধ্যপ্রদেশের কানহা ব্যাঘ্র প্রকল্পে এই প্রজাতির হরিণ পাওয়া যায়)
- হগ হরিণ – Hog Deer – (আনুমানিক ১৯৪৮ সাল থেকে আর পাওয়া যায় নি। বর্তমানে জলদাপাড়া অভয়ারণ্যে এই প্রজাতির হরিণ পাওয়া যায়।)
- সম্বর – Sambar – (এটিও ১৯৪৮ সাল থেকে পাওয়া যাচ্ছে না)

সুন্দরবনের জীববৈচিত্র্য সারা বিশ্বের মানচিত্রে স্থান করে নিয়েছে। সুন্দরবনে ভারতবর্ষের প্রায় ৬০ শতাংশ বাঁদাবন (ম্যানগ্রোভ ফরেস্ট) অবস্থিত এবং সমগ্র ভারতবর্ষে যা ম্যানগ্রোভ প্রজাতি পাওয়া যায় তার মধ্যে ৯০ শতাংশ এখানে পাওয়া যায়। আর এই ম্যানগ্রোভ বনেই বয়েছে বিশ্বের অন্যতম আকর্ষণ বেঙ্গল টাইগার। মজার ব্যাপার হল পৃথিবীতে আর কোন ম্যানগ্রোভ বনেই বাঘের অস্তিত্ব দেখা যায় না। বাঘ তার সৌন্দর্য শক্তি আর চলনভঙ্গির জন্য ‘রয়েল’ উপাধিটি অর্জন করেছে।

বাঘ ছাড়া সুন্দরবনের অন্যান্য উল্লেখযোগ্য স্তন্যপায়ী হল বিভিন্ন প্রজাতির বিড়াল যেমন মেছো বিড়াল (Fishing Cat), জংলী বিড়াল (Jungle Cat), চিতা বিড়াল (Leopard Cat), এছাড়া বন্য বরাহ (Wild Boar), চিতল হরিণ (Spotted Deer), ভোঁদড় (Common Otter), গন্ধগোকূল বা খট্টাশ (Common Indian Civet and Palm Civet), বেজী (Common Grey Mongoose), শৃগাল (Fox), প্যাঙ্গোলিন (Pangolin), বাঁদর (Rhesus Macaque) ইত্যাদি।

\* সহ অধ্যাপক, শোভারানি মেমোরিয়াল কলেজ, জগৎবল্লভপুর, হাওড়া

এবার যে প্রাণীটির কথা বিশেষভাবে বলব তা হল সুন্দরবনের শুশুক। ভারতীয় সুন্দরবনে কখনও শুশুক সুমারি হয়নি। সুন্দরবনে তিন প্রজাতির শুশুকের দেখা মেলে। এরা হল গাঙ্গেয় শুশুক (Gangetic Dolphin), ইরাবতী শুশুক (Irrawaddy Dolphin) ও কুঁহোপিঠ শুশুক (Humpback Dolphin)। গাঙ্গেয় শুশুকরা কখনোই নদী ছেড়ে বঙ্গোপসাগরে প্রবেশ করে না। সুন্দরবনের পশ্চিমভাগে প্রবাহিত নদীগুলিতে ইরাবতী শুশুকই বেশি দেখা যায়। ২০১০ সালে গাঙ্গেয় শুশুককে জাতীয় জলজ পশু হিসেবে ঘোষণা করেছে ভারত সরকার। পরিবেশের ভারসাম্য রক্ষায় শুশুকের এক বিশেষ ভূমিকা আছে। সর্বোপরি জলের নির্মলতা বজায় রাখার জন্য শুশুকের অবদান অনস্বীকার্য। আজকের বিপন্ন প্রাণীটিকে অবলুপ্তির হাত থেকে বাঁচানোর জন্য অচিরেই ব্যবস্থা নেওয়া দরকার।

সুন্দরবন জীববৈচিত্র্য ক্ষেত্রটিকে এক কথায় পাখির স্বর্গরাজ্য (Birding Hotspot) হিসাবে চিহ্নিত করা যায়। সবার আগে বলতে হবে এখানকার বেশ কিছু ‘Globally Threatened’ প্রজাতির কথা যেমন, সুন্দরী হাঁস (Masked Finfoot), সাদা পিঠ শকুন (White Rumped Vulture) আর মদনটাক (Lesser Adjutant)। তাছাড়াও IUCN-এর তালিকাভুক্ত ‘Near Threatened’-এর অন্তর্গত বাদামী ডানা গুঁড়িয়াল (Brown Winged Kingfisher), কাস্তুরা (Black Headed Ibis) আর বাদা বর্ণালী (Mangrove Pitta), অন্যান্য দুর্লভ পাখিদের মধ্যে বহেরি (Peregrin Falcon), দৈত্যবক (Goliath Heron), সাপমরাল (Short-toed Snake Eagle), লাল খৈরী (Ruddy-breasted Crake), সাধারণ নাকুটি (Plain Martin), দুর্গা টুনটুনি (Loten's Sunbird), ছোট হলুদঘাড় কাঠঠোকরা (Laser Yellownape Woodpecker) ইত্যাদি। হুপু, পানকৌড়ি, কুবো, বসন্তবৌরি, বেনেবৌ, স্ট্রবেরী ফিঞ্চ, বাঁশপাতি, খঞ্জন, লক্ষ্মী পেঁচা, কুটুরে পেঁচা, ছাতারে, টুনটুনি, পিপিট, কোকিল, ফিঙে, বিভিন্ন প্রজাতির গাংচিল ও গাংপায়রা সমগ্র সুন্দরবনে অজস্র। এছাড়াও বিভিন্ন প্রজাতির হাঁস ও বকের সংখ্যাও প্রচুর। কাজেই এত অল্প পরিসরে সুন্দরবনের পাখিদের নিয়ে আলোচনা করা মোটেই সহজ ব্যাপার নয়।

সুন্দরবনের মাছরাঙা (Kingfisher) সম্বন্ধে আলাদা ভাবে দু-একটা কথা না বললেই নয়। সুন্দরবনকে মাছরাঙাদের স্বর্গরাজ্য বলা হয়। কারণ ভারতবর্ষে প্রাপ্ত ১২টি প্রজাতির মধ্যে ৯টি প্রজাতি এখানে পাওয়া যায়। সুন্দরবনেই সম্ভবত পৃথিবীর অধিকাংশ খয়েরা-পাখ মাছরাঙার (Brown-winged Kingfisher) বাস। সুন্দরবনের এই পাখিটি বিশ্বে বিরল এবং ‘প্রায়-বিপন্ন’ গণ্য করা হয়। আরও একটি চোখ ধাঁধানো মাছরাঙা আছে। নাম লাল মাছরাঙা (Ruddy Kingfisher)। সুন্দরবন ছাড়া পাখিটিকে বাংলা দেশের আর কোথাও কখনো দেখা যায় না। পালকের রঙ অনুপম লাল। সুন্দরবনের দুর্লভতম মাছরাঙা। প্রকৃতির সংহার ও পরিবেশ বিপর্যয়ের ফলে পাখির কথা বলতে গেলে বিলাপের সুর শোনা যায়।

এবারে সরীসৃপের (Reptiles) কথা। নোনা জলের কুমীর (Marsh Crocodile) আর এক বিপন্ন সরীসৃপ। বিপন্ন মেছো কুমীরও (Gharial)। সপ্তমুখীর তীরে সুন্দরবনের লোথিয়ান দ্বীপের কাছে পশ্চিমবঙ্গের একমাত্র কুমীর প্রকল্পটি তৈরী হয়েছে ভাগবতপুরে। যে কোন কারণেই হোক এই কুমীর প্রকল্প সেইভাবে সফল হয়নি। সুন্দরবনে সজনেখালি, সুধন্যখালি ইত্যাদি এলাকাতে গোসাপের (Water Monitor Lizard) দেখা মেলে ভালোই। কিন্তু এরাও বিপন্ন প্রজাতি। অন্যান্যদের মধ্যে বকুরূপ (Indian Chameleon), টিকটিকি (House Gecko) এখানে মেলে। সুন্দরবনে যে সমস্ত সাপ সচারাচর দেখা যায় তারা হল :- কালাজ (Common Krait), কেউটে (Monocled Krait), শঙখচূড় (King Cobra), শাখামুটি (Banded Krait)। এছাড়া সুন্দরবনে কিছু জাতের গেছো বোরা (Pit Viper) দেখতে পাওয়া যায়। মাঝে মাঝে সামুদ্রিক সাপও চোখে পড়ে। এর মধ্যে অন্যতম হল Hook-nosed Sea Snake, বাংলায় ‘হুগলী পাতি’।

উপরোক্ত বিষয়র সাপ ছাড়াও কিছু নির্বিষ সাপও মেলে যেমন দাঁড়াশ বা ঢামনা (Indian Rat Snake), ক্ষেতেমেটে বা মেটে দাঁড়াশ (Banded Krait), মেটে সাপ (Smooth Scaled Water Snake), জলটোঁড়া (Checkered



Keelback), হেলে (Buffstriped Keelback), অজগর (Burmese Python) ইত্যাদি।

শঙ্খচূড় সাপের অবস্থিতিও একই, ১৯৪৮ সালের পর থেকে সুন্দরবনে কেউ শঙ্খচূড় দেখেনি। ২০০৩ সালে প্রখ্যাত সপবিদ শ্রী দীপক মিত্র সজনেখালি অভয়ারণ্যেই দুটি শঙ্খচূড় পেয়েছিলেন। বিপন্ন অবস্থায় আরও দু-প্রকারের সাপ সুন্দরবনে দিন কাটাচ্ছে এরা হলল অজগর ও লাউডগা (Common Green Whip Snake or Vine Snake)।

কচ্ছপদের মধ্যে Olive Ridley Turtle, Green Sea Turtle, Hawksbill Turtle, Indian Flap Shell Turtle উল্লেখযোগ্য। সমুদ্রকচ্ছপ Olive Ridley Turtle ও আজ বিলুপ্তির পথে, এদের সংরক্ষণের জন্যে সজনেখালি ও ভগবতপুরে হ্যাচারি গড়ে তোলা হয়েছিল এবং ১৯১৯ পর্যন্ত বেশ কয়েকবার এদের বাচ্চাফুটিয়ে সুন্দরবনের বঙ্গোপসাগরের সংলগ্ন নদীতে ছাড়া হয়েছিল। অজানা কারণে আজ তা বন্ধ। নভেম্বর থেকে এপ্রিল পর্যন্ত প্রচুর মৃত অলিভ বিড়লের খোলা দেখা যায় সুন্দরবনের সমুদ্র নিকটবর্তী অঞ্চলগুলোতে।

পরিশেষে বলব বাটাগুর বাস্কার (Indian River Terrapin) কথা যেটি পৃথিবীর দুর্লভ ও বিপন্নতম কচ্ছপদের মধ্যে অন্যতম। বংলার পুরুষদের ‘পোড়াকাটা’ ও স্ত্রীদের বলা হয় ‘বালিকাটা’ পৃথিবীর কেবল সাতটি দেশে এদের পাওয়া যায় যার মধ্যে ভারত ও বাংলাদেশে শুধুমাত্র সুন্দরবনেই এদের দেখা যায়। তবে শেষ ২৭ বছরে বাংলাদেশে এর কোনো হৃদিশ পাওয়া যায় নি। বাটাগুরের অস্তিত্ব বলতে সজনেখালি অভয়ারণ্যের একটি পুকুরে গত প্রায় ২৫ বছর ধরে বেঁচে বর্তে আছে মাত্র ১৩টি বাটাগুর, শেষপর্যন্ত ২০১২-র জুনে ২৫টি নতুন বাটাগুর ডিম ফুটে বেরিয়েছে যারা নবীনতম প্রজন্মে। এদের অবলুপ্তির পথে ঠেলে দেওয়ার জন্যে দায়ী একমাত্র মানুষ কারণ এদের শিকার করে খাওয়া হয়, Javan Rhino, Leopard, Hog Deer এর মত এরাও হয়ত এতদিনে সুন্দরবন থেকে বিলুপ্ত হয়ে যেত, সাথে সাথে পৃথিবী থেকেও, কিন্তু ভালো প্রকৃতিপ্রেমিক মানুষের একান্তিক চেষ্টা ও কিছু কাকতালীয় ঘটনার জেরে এরা এখনও বেঁচে আছে।

বাস্তবতন্ত্রে ঠান্ডা রক্তের উভচরেরা এক গুরুত্বপূর্ণ স্থান অধিকার করে আছে। বাস্তবে জলাভূমির ব্যাঙেরা খুবই স্পর্শকাতর। জলবায়ুর পরিবর্তন ও উষ্ণায়নের ফলে কিছু ব্যাঙের আবাস পার্শ্ব গিয়ে প্রজননের অনুপযুক্ত হয়ে পড়েছে। তা সত্ত্বেও কয়েকটি প্রজাতি এখনও বাদাবনের দ্বীপগুলিতে বিচ্ছিন্নভাবে পরিবর্তনশীল ও ভঙ্গুর পরিবেশের সঙ্গে নিজেদের মানিয়ে নিয়ে বেঁচে আছে। সুন্দরবনে মোট আটটি উভচর প্রজাতি – ৬টি সাধারণ, ১টি গেছো ও ১টি কটকটে ব্যাঙ পাওয়া যায়, একেক প্রজাতির ব্যাঙ যেমন দেখতে আলাদা তেমনি ডাকের বৈচিত্র্য অনুসারেও তাদের চেনা যায়।

যেমন কটকটি ব্যাঙ (Skipper Frog), কোলা বা সোনা ব্যাঙ (Bull Frog) জলের সবুজ ব্যাঙ (Six-toed Gren Pond Frog), ঝাঁঝি ব্যাঙ (Cricket Frog), গেছো ব্যাঙ (Tree Frog), চিনা ব্যাঙ (Ornate or Narrow-mouthed Frog), পটকা ব্যাঙ (Grey Ballon Frog) এবং কুনো ব্যাঙ (Common Indian Toad)।

সুন্দরবনে বিভিন্ন প্রজাতির সামুদ্রিক, খাড়ির, উপকূলবর্তী এবং স্বাদুজলের মাছেদের ভান্ডার। এর মধ্যে বহু ভক্ষ্য ও অর্থকারী মাছ আমাদের পরিচিত। কিন্তু এছাড়া এখানে বিভিন্ন প্রজাতির হাঙর (Indian Dog Shark, Hammer-headed Shark, Sorrah Shark, Bull Shark, Zebra Shark), ইলমাছ, ইলেকট্রিক রে, চোষক মাছ (Sucker Fish), মুন মাছ, পাফার মাছ ইত্যাদি বৈচিত্র্য আমাদের অবাক করে।

সুন্দরবনের নদীর চরায় কাদায় ব্যাঙাচির মতো কিন্তু আকারে বড় একটি বিশেষ মাছ দেখা যায়। এরা মাডস্কিপার (Mudskipper) নামে পরিচিত। বাংলা নাম মেনা মাছ বা চেওয়া মাছ বা নদীবেলে, মাডস্কিপার শ্বাস প্রশ্বাস চালাতে পারে ভিজে ত্বক আর মুখের ভিতরের মিউকাস মেমব্রেনের সাহায্যে। গলার কাছে gill chamber-এ কিছুটা বাতাস ভরে নিয়ে জলের ওপর ঘুরে বেড়ায়। কিন্তু জলে ভিজে না থাকলে ওই বাতাস থেকে অক্সিজেনের যোগান পাওয়া যায় না, তাই কাদায়

গড়াগড়ি দেয়। জোয়ারের জল যখন আসে তখন এরা গুঁড়ির সঙ্গে লেগে যায়, আবার ভাঁটার সময় জল সরে গেলে এরা কাদায় নেমে পড়ে খাদ্যের সন্ধানে। কাদার মধ্যে আটকে থাকা অসংখ্য অতিক্ষুদ্র উদ্ভিদ ও প্রাণী এরা খায়। এরা প্রায় ২ ফুট লাফাতে পারে, আবার গাছ বেয়েও উঠে পড়তে পারে। Pectoral fin ও লেজের সাহায্যে এই মাছ ডাঙাময় চলতে পারে, লাফাতেও পারে, মুখ খুলে এবং Pectoral fin খাড়া করে পুরুষ মাদক্ষিপারদের টেরিটোরিয়াল ফাইট দেখবার মতো জোয়ারের সময় কাদার মধ্যে ছোট ছোট গর্তে নিজেদের বড় মাছ থেকে বাঁচায় আবার ঐ গর্তেই ডিম পাড়ে, গর্তের আকৃতি ‘U’ আকৃতির। এতে গর্তের দুই মুখে জল ঢুকলেও মাঝের ঢালু অংশ শুকনো থাকে, যেখানে এরা ডিম পাড়ে। এখানে অক্সিজেনের অভাব হলে পুরুষমাছ গর্তের খোলা মুখ দিয়ে বাইরে এসে মুখ ভরে অক্সিজেন নিয়ে অসংখ্যবার ভিতরে ছেড়ে আসে।

ছোট ছোট প্রাণীদের মধ্যে বায়বীয় মূলের গায়ে বিভিন্ন প্রজাতির শৈবাল, ক্ষুদ্র ক্ষুদ্র জীবানু ও কীটপতঙ্গ জন্মায়, জোয়ারের সময় জল বাহিত হয়ে বিভিন্ন প্রজাতির মাছ, চিংড়ি, কাঁকড়া, বায়বীয় মূলে অবস্থিত শৈবাল, কীটপতঙ্গকে খাদ্যরূপে পায়। অন্যদিকে ঘন অরণ্য মাছ ও অন্যান্য জলজ প্রাণীদের জোয়ারের সময় নিরাপদ আশ্রয় দেয়। বিটল, ঝাঁঝিপোকা, পিপড়ে প্রভৃতি প্রাণীরা নরম কাঠ, যেগুলো জলে সম্পূর্ণ নিমজ্জিত থাকে না তাদের আশ্রয় হিসাবে গ্রহণ করে। সামুদ্রিক শামুকরা জলের উপরের কিছু

গাছের গুঁড়িতে বাস করে, যে গুঁড়িগুলি জোয়ার ভাঁটার সময় আশ্চর্যজনক ভাবে ওঠানামা করে। এরা যে গুঁড়িগুলিতে বাস করে সেগুলিকে আনুবীক্ষণিক শৈবাল কার্পেটের মত ঢেকে রাখে, বার্ণাকেল, অয়েস্টার, টিউনিকেট এর মতো সামুদ্রিক ছোট প্রাণীরা গাছের গুঁড়ি, ঠেসমূল, বায়বীয় মূল প্রভৃতির সঙ্গে লেগে থাকে। যখন জোয়ারের সময় মূলগুলো ডুবে যায় তখন তারা প্ল্যাঙ্কটন খেয়ে বেঁচে থাকে।



সুন্দরবনের বালুচরে ঘুরে বেড়ায় অদ্ভুত সৌন্দর্যমন্ডিত ও নানারঙের নানাবিধ কাঁকড়া যেমন লাল কাঁকড়া (Red Crab), গেছো কাঁকড়া (Tree Crab), কাদা কাঁকড়া (Mud Crab), ফিডলার কাঁকড়া ইত্যাদি। সন্ন্যাসী কাঁকড়া (Hermit Crab) এবং রাজ বা অশ্বক্ষুরাকৃতি কাঁকড়া (King Crab or Horse-shoe Crab) সুন্দরবন জীববৈচিত্র্যের অনন্য সম্পদ। রাজ কাঁকড়াকে বলা হয় জীবন্ত জীবাশ্ম (Living Fossil), কারণ যাদের ইতিমধ্যেই পৃথিবী থেকে বিলুপ্ত হওয়ার কথা তারা আজও বেঁচে আছে।

সুন্দরবনের বালুকাবেলা ফিডলার কাঁকড়ার বিচরণভূমি। এই অনন্য কাঁকড়া মাটির মধ্যে গর্ত করে বাস করে। মাঝে মাঝে গর্তের আশেপাশে ঘোরাঘুরি করে। এদের দাঁড়া দুটি বেশ বড় ও রঙিন। এরা কারিগরের মতই এই এলাকার মাটি ব্যবহার করে। এরা কাদার উপর ছড়িয়ে থাকে, কাদা খায় এবং কাদা থেকে ওদের বিশেষ মুখোপাঙ্গের সাহায্যে পুষ্টিকর খাদ্য আলাদা করে নেয়। বাকি কাদা স্তম্ভীকৃত করে জমা করে একটি বিশেষ আকৃতি দান করে। যদি কোথাও এই ধরনের মাটিতে তৈরি নক্সা ভাঁটার সময় ছড়িয়ে থাকতে দেখা যায়, তবে বুঝতে হবে ঐ স্থানে ফিডলার কাঁকড়া উপস্থিত ছিল। ফিডলার ক্র্যাব নাম হয়েছে এর ঢেউ খেলানো নগরের জন্য যেটা পুরুষ কাঁকড়ার বৈশিষ্ট্য।







